দৈনিক ইত্তেফাক

NOV. 14 2001

পৃষ্ঠা ...৬... কলাম ...৩...

### পৃথক সংবাদ সম্মেলনে অপসারিত তিন ভিসি

# আমাদের অপসারণ বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসনের উপর নগ্ন হস্তক্ষেপ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সদ্য অপসারিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আব্দুল বায়েস ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর সাইদুর রহমান খান গতকাল মঙ্গলবার পৃথক সাংবাদিক সম্মেলনে বলেছেন, তাদের অপসারণ ও নতুন ভিসির নিয়োগদান বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর নগ্ন হস্তক্ষেপ। তারা বলেছেন, ... 'জেনারেল ক্লজেজ এ্যাক্ট' প্রয়োগ করে সিনেটরদের ভোটের প্রতি অসম্মান প্রদর্শন করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে অধ্যাপক আজাদ চৌধুরী বিগত ৫ বছরের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরেন। এর মধ্যে, পরীক্ষা পদ্ধতি সুবিন্যস্ত করে সেশন জট নিরসন ছাত্র-ছাত্রীদের বঙ্গবন্ধু স্কলারশীপসহ দু'শতাধিক ট্রাষ্ট ফান্ডের ব্যবস্থা, নতুন নতুন ছাত্র ও ছাত্রী হল নির্মাণ, শিক্ষকদের জন্য আবাসিক টাওয়ার নির্মাণ এবং কম্পিউটার

### আমাদের অপসারণ

(শেষ পৃষ্ঠার পর)

প্রযুক্তির ব্যবহারে লাইব্রেরী অটোমেশন প্রজেক্টও রয়েছে।

চ্যান্সেলর স্বাক্ষরিত অপসারণের চিঠিটি দেখিয়ে তিনি বলেন, "এসবেরই এটা পুরস্কার"। প্রোভিসি অধ্যাপক মোঃ শাহাদাত আলী বিদায়ী ভিসিকে বিশ্ববিদ্যালয় ইতিহাসের সফলতম ভিসি হিসেবে উল্লেখ করে বলেন, তার ঐকান্তিক প্রচেষ্টায় সমাবর্তন নিয়মিত হয়েছে। তিনি বলেন, তারা আমার কক্ষটিও দখল করেছে, যদিও আমি এখনও কোন অফিসিয়াল চিঠি পাইনি। ফজলুল হক হলের প্রভোষ্ট অধ্যাপক আনোয়ার হোসেন বলেন, আমার হলে মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে "আমরা তোমাদের ভুলব না" নামে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্যের নির্মাণ কাজ জামায়াত-শিবির চক্র মূর্তি নির্মাণ বন্ধের দাবী জানিয়ে বন্ধ করে দিয়েছে। আমি আর দায়িত্বে থাকতে চাই না।

স্যার এএফ রহমান হলের প্রভোষ্ট অধ্যাপক হারুন অর রশীদ বলেন, শব-ই-বরাতের রাতে হলে অবস্থানকারী অছাত্ররা আমার কাছে ১২ হাজার টাকা চাঁদা দাবী করে। উপস্থিত সিনেট সদস্য এডভোকেট সৈয়দ আহমেদ বলেন, আমরা ৩২ হাজার রেজিষ্টার্ড গ্রাজুয়েটের ভোটে নির্বাচিত সিনেট সদস্য এবং আমাদের ভোটে ভিসি নির্বাচিত হন। ভিসিকে এমনভাবে অপসারণ আসলে আমাদের সকলের প্রতি অসম্মান।

#### অধ্যাদেশের অবমাননা